



ট্রাম্পের হুমকির জবাবে ইরানের কঠোর প্রতিক্রিয়া, বর্বর শক্তি পরাজিত হবে



ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক হুঁশিয়ারির পর তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে তেহরান। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেয়ি বলেন, সংস্কৃতি, যুক্তি এবং ন্যায়বিচারের ওপর দাঁড়িয়ে থাকা একটি সভ্য জাতি শেষ পর্যন্ত যে কোনো ধরনের শক্তি বা দমনমূলক যুক্তিকে পরাজিত করবে। তিনি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় আরও উল্লেখ করেন, যারা নিজেদের ন্যায্যতার ওপর আস্থা রাখে, তারা নিজেদের অধিকার ও বৈধ স্বার্থ রক্ষায় প্রয়োজনীয় সব সক্ষমতা ব্যবহার করতে পিছপা হবে না।

ইরাক থেকে মার্কিন সাংবাদিক মুক্তির ঘোষণা দিয়েছে কাতাইব হিজবুল্লাহ।

অন্যদিকে ইরাকে আটক থাকা এক মার্কিন সাংবাদিককে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত জানিয়েছে ইরান-সমর্থিত সশস্ত্র সংগঠন কাতাইব হিজবুল্লাহ। রয়টার্সের তথ্য অনুযায়ী, তারা জানিয়েছেন সাংবাদিক শেলি কিটলসনকে শর্তসাপেক্ষে মুক্তি দেওয়া হবে, তবে তাকে দ্রুত ইরাক ত্যাগ করতে হবে।

গত মার্চের শেষ দিকে বাগদাদের একটি এলাকা থেকে তাকে অপহরণ করা হয়েছিল বলে জানা যায়।

সূত্র: আল জাজিরা